হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৩ ঃ মেহেরপুর-মঙ্গলবার ২২ জুলাই ২০২৫ ইং ঃ ৭ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



ক্ষুদ্ধ মিষ্টি জান্নাত -পৃষ্ঠা-৩




## ২২ জুলাই: আইনশৃঙ্খলা বাহিনীর 'চিরুনি অভিযান' শুরু, ৪ দফা দাবিতে আন্দোলনকারীদের আল্টিমেটাম

নিজস্ব প্রতিবেদক

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে সংঘর্ষ, হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় ২০২৪ সালের ২২ জুলাই (সোমবার) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী 'চিরুনি অভিযান' শুরু করে। এদিন সারাদেশে বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মীসহ ১ হাজার ২০০ জনকে গ্রেফতার করা হয়।
রোববার রাত ১২টা থেকে সোমবার সকাল ৬টা পর্যন্ত ছয় ঘণ্টায় রাজধানী ঢাকার বিভিন্ন এলাকা থেকে ৫১৬ জনকে গ্রেফতার করা হয়। এ নিয়ে গত ছয় দিনে (১৭ থেকে ২২ জুলাই) সারাদেশে গ্রেফতারের সংখ্যা দুই হাজার ছাড়িয়ে যায়। (সূত্র: প্রথম আলো, ২৩ জুলাই, ২০২৪)

২-এর পৃষ্ঠা দেখুন



# মৃত্যুর মধ্যেও মিলন: ভালোবাসার জীবন্ত উদাহরণ মুকুল-নন্দা দম্পতি

নিজেস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরে এক দম্পতির মৃত্যুর ঘটনা স্থানীয়ভাবে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। রবিবার দিবাগত রাতে স্বামী মুকুল খান হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যাওয়ার পর মাত্র আধঘণ্টার ব্যবধানে স্ত্রী নন্দা বেগমও মৃত্যুবরণ করেন। পরদিন একসঙ্গে জানাজা ও দাফন সম্পন্ন হয় তাদের।
জানা গেছে, মেহেরপুর পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের পেয়াদা পাড়ার বাসিন্দা, মরহুম গোলাম মোস্তফার মেজো ছেলে মুকিদ খান মুকুল (৭০) ও তার স্ত্রী নন্দা বেগম (৬৫) দীর্ঘদিন ধরে এলাকায় বসবাস করে

২-এর পৃষ্ঠা দেখুন

## বিলুপ্তির পথে গ্রামীণ খেলাধুলা: স্মার্টফোনের নিচে চাপা পড়ছে শৈশব

মিজানুর রহমান অপু

খেলাধুলা শিশু-কিশোরদের আনন্দ, বিনোদন এবং শারীরিক-মানসিক বিকাশের এক অপরিহার্য মাধ্যম। একসময় গ্রামীণ বাংলার প্রতিটি শিশু বেড়ে উঠত নানা রকম লোকজ খেলাধুলার মধ্য দিয়ে। কিতকিত, বৌছি, দাড়িয়াবান্দা, গোল্লাছুট, পাঁচগুটি, ষোলো গুটি, গোস্তচুরি, এলোনটি-বেলোনটি, ডাংগুলি, পানি ঝুপ্পা, ফুলটোক্কাড়এমন কতশত খেলা শিশুদের একদিকে যেমন বিনোদন দিত, তেমনি গড়ে তুলত পারস্পরিক বন্ধন ও দলগত সহযোগিতা।
স্কুলের টিফিন পিরিয়ডে কিংবা ছুটির পরে মাঠে দেখা যেত শিশুদের দলবদ্ধভাবে খেলায় মেতে উঠতে। ছুটির দিনগুলোতে তো সারাদিনই কেটে যেত খেলার আনন্দে। সন্ধ্যা হলে গ্রামের পুকুরঘাট, স্কুল মাঠ বা খোলা জায়গায় বড়দেরও দেখা যেত খেলায় অংশ নিতে। বিশেষ কোনো উৎসব বা মেলাতেও এসব খেলার প্রতিযোগিতা হতো এ যেন ছিল গ্রামের প্রাণের উৎসব।
কিন্তু সময়ের পরিবর্তনে এসব খেলা আজ হারিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন





মুজিবনগরে বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলন ঘিরে ব্যাপক প্রস্তুতি

## বর্ণাঢ্য শোভাযাত্রা, নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান

ছামিউল ইসলাম, মুজিবনগর

মুজিবনগর উপজেলা বিএনপির দ্বি-বার্ষিক সম্মেলনকে ঘিরে শুরু হয়েছে ব্যাপক প্রস্তুতি। আগামী ২৩ জুলাই অনুষ্ঠিতব্য সম্মেলন সফল

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ২ কেজি গাঁজাসহ এক মাদক কারবারি আটক

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় নওপাড়া থেকে ২ কেজি গাঁজাসহ সাইফুল ইসলাম (৪৮) নামের এক মাদক কারবারিকে আটক করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। রবিবার (২০ জুলাই) দিবাগত রাত ২টার দিকে উপজেলার নওপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক সাইফুল ইসলাম নওপাড়া গ্রামের মৃত ছিতাব আলীর ছেলে। সোমবার (২১ জুলাই) দুপুরে বিষয়টি নিশ্চিত করেন জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোপাল কর্মকার। তিনি

২-এর পৃষ্ঠা দেখুন




সাংবাদিক পরিচয়ে ভয়ভীতি ও চাঁদাবাজির অভিযোগ

## ফয়েজের গ্রেপ্তার দাবিতে মানববন্ধন

গাংনী প্রতিনিধি

চাঁদাবাজি, ভয়ভীতি এবং মিথ্যা সংবাদ প্রকাশের অভিযোগে সাংবাদিক এসএম ফয়েজের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা পাটবীজ খামারে মানববন্ধন করেছেন

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে হেরোইন মামলায় রিপনের ১ বছরের কারাদণ্ড

মেহেরপুর প্রতিনিধি

মাদকদ্রব্য আইনে দায়ের করা এক মামলায় মেহেরপুর সদর উপজেলার শেখ মো. রিপন চৌধুরীকে এক বছরের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত। অনাদায়ে তাকে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ভোগের আদেশ দিয়েছে আদালত
গতকাল সোমবার (২১ জুলাই) চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলীর আদালত এ রায় প্রদান করেন। আদালতে রাষ্ট্রপক্ষ ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-এর ৩৬(১) সারণির ৮(ক) ধারায়

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে সকল থানায় অনলাইন জিডি কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলায় পুলিশের কার্যক্রমে যুক্ত হয়েছে নতুন প্রযুক্তিগত সুবিধা। গতকাল সোমবার (২১ জুলাই) প্রথম প্রহরে জেলার সব থানায় একযোগে চালু হয়েছে অনলাইন জিডি (জেনারেল ডায়েরি) কার্যক্রম। রাত ১২টা ১ মিনিটে অতিরিক্ত পুলিশ সুপার মো. জামিল খান এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে ইয়াবাসহ তিনজন আটক

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিশেষ অভিযানে ১৫ পিস ইয়াবাসহ তিনজনকে আটক করা হয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে সোমবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে এ অভিযান পরিচালিত হয়। আটককৃতরা হলেন, মোসাদ্দেক হোসেনের ছেলে হামিম হোসেন (৪৫), মৃত কিনু শেখের ছেলে মামুন রেজা (৪০) এবং আশরাফুজ্জামানের ছেলে আল ইমতিয়াজ নাহিদ (৩২)। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। পুলিশ সূত্রে জানা গেছে, দীর্ঘদিন যাবত

২-এর পৃষ্ঠা দেখুন

## পুরাতন যানবাহনের বিরুদ্ধে অভিযান

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রশাসন ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) যৌথ উদ্যোগে সড়ক ও মহাসড়কে ২০ বছরের বেশি পুরাতন বাস-মিনিবাস এবং ২৫ বছরের বেশি পুরাতন ট্রাক ও কাভার্ড ভ্যান চলাচল বন্ধে বিশেষ ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়েছে। সোমবার বিকেলে মেহেরপুর শহরের টিটিসি মোড় এলাকায় জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীরের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানে পুরাতন যানবাহন চালানোর অভিযোগে তিনটি বাসের চালকের কাছ থেকে মোট ২ হাজার ৫০০ টাকা জরিমানা আদায় করা হয় এবং তাদের থেকে ভবিষ্যতে এসব যানবাহন

২-এর পৃষ্ঠা দেখুন




## পরিবার পরিকল্পনায় সাফল্যে বুড়িপোতা ইউনিয়নের প্রশংসা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ পরিবার পরিকল্পনা কার্যক্রমে বিশেষ অবদানের জন্য সম্মানিত হয়েছেন। সোমবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে এক সংবর্ধনা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে বুড়িপোতা ইউনিয়নের সাফল্যের স্বীকৃতি হিসেবে সম্মাননা ক্রেস্ট তুলে দেওয়া হয়। মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম অনুষ্ঠানে উপস্থিত থেকে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেনের হাতে সম্মাননা

২-এর পৃষ্ঠা দেখুন

## ছেলের কবর হারানোর শঙ্কায় কবরের পাশে বাবার বসবাস

সূর্যোদয় প্রতিবেদন

রাজবাড়ীর গোয়ালন্দে পদ্মা নদীর তীব্র ভাঙনে সর্বস্ব হারানো একজন অসহায় পিতা আজও আঁকড়ে আছেন একমাত্র ছেলের কবরের স্মৃতিকে। নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ার আশঙ্কায় ছেলের কবরের পাশে দিনরাত কাটাচ্ছেন খবির সরদার (৬৫) নামের এই বৃদ্ধ। গোয়ালন্দ উপজেলার দেবগ্রাম ইউনিয়নের মুন্সিবাজার এলাকার পদ্মা নদীর পাড়ে পারিবারিক কবরস্থানে শায়িত আছেন খবির সরদারের একমাত্র সন্তান মফিজ সরদার। ১৫ বছর আগে একটি জেনারেটর বিস্ফোরণে প্রাণ হারান মফিজ। তখন থেকেই ওই কবরকে ঘিরেই বেঁচে থাকার শেষ আশ্রয় খুঁজে পেয়েছেন

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে আইন-শৃঙ্খলা ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন-শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটি এবং মাসিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে সভাগুলো অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. খায়রুল ইসলামের সভাপতিত্বে সভায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা অংশ নেন। সভায় উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর (জেলা বিএনপিতে
ঐক্যের বদলে বিভাজন)

নেতাই বলছে ঐক্য থাকো
ঐক্যের কি সংজ্ঞা
একই দলে দুই অফিস
এটাই হলো মার্কা।
পাল্টাপাল্টি আর কতদিন
ভোট এলেই সব ঠিক
ছুড়ছে তীর নেতার দিকে
কটু বাক্য আর যত গীদ।
দলে ভারী দেখছি মোরা
কার সংখ্যা কত
কেন্দ্র থেকে ঝুলিয়ে রেখেছে
মুলার আঁটি যতো।
আমরা সবাই জিয়ার সেনা
ভয় করিনা বুলেট বোমা
বলছি মুখে এক
যাতা কলে পড়ে ভোটার
হচ্ছে সবাই ষাট।




## কুস্টিয়ায় যৌথ অভিযানে ৩ কোটি টাকার জাল জব্দ

কুস্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুরে যৌথ অভিযানে প্রায় ৩ কোটি ৫২ লাখ ৫০ হাজার টাকার অবৈধ চায়না দুয়ারি ও কারেন্ট জাল জব্দ করেছে ৪৭ বিজিবি। রোববার (২১ জুলাই) মধ্যরাত থেকে ভোর পর্যন্ত উপজেলার

২-এর পৃষ্ঠা দেখুন



## গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রতিযোগিতায় পক্ষপাতের অভিযোগ চুয়াডাঙ্গায়

চুয়াডাঙ্গা প্রতিনিধি

জুলাই মাসের গণঅভ্যুত্থান স্মরণে আয়োজিত অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতার ফলাফল নিয়ে অনিয়ম ও পক্ষপাতিত্বের অভিযোগ তুলেছেন একাধিক প্রতিযোগী। রোববার রাত ৮টায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ সড়কের একটি ক্যাফেতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ তোলেন তারা। চুয়াডাঙ্গা জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## পারমাণবিক আলোচনায় অগ্রগতি না হলে ইরানের ওপর নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা অচলাবস্থায় পড়ায় দেশটির ওপর আবারও কঠোর নিষেধাজ্ঞা আরোপের হুমকি দিয়েছে ইউরোপের প্রধান তিন দেশড় ফ্রান্স, ব্রিটেন ও জার্মানি (ই থ্রি)। এই দেশগুলো জানিয়েছে, চলতি গ্রীষ্মের শেষ নাগাদ আলোচনায় দৃশ্যমান অগ্রগতি না ঘটলে জাতিসংঘের পুরোনো নিষেধাজ্ঞা 'স্ন্যাপব্যাক' পদ্ধতিতে পুনর্বহাল করা হবে। গত বৃহস্পতিবার (১৭ জুলাই) ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে এক ভার্চুয়াল

২-এর পৃষ্ঠা দেখুন



## চাঁদাবাজি-সন্ত্রাস প্রতিরোধে কুষ্টিয়া প্রেসক্লাবে বিএনপি'র অভিযোগ বক্স

কুষ্টিয়া প্রতিনিধি

চাঁদাবাজি, সন্ত্রাস ও বিভিন্ন অপকর্ম প্রতিরোধে কুষ্টিয়ায় অভিনব উদ্যোগ গ্রহণ করেছে জেলা বিএনপি। সোমবার (২১ জুলাই) দুপুর ১টার দিকে কুষ্টিয়া প্রেসক্লাব প্রাঙ্গণে একটি 'অভিযোগ বক্স' স্থাপন করে তা উদ্বোধন করেন কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ৭ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২২ জুলাই ২০২৫ইং

# মতুর খোলা চিঠিতে মেহেরপুরে তোলপাড়
# পৌর সম্পত্তি রক্ষায় আন্দোলনের ডাক




নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের অন্যতম গুরুত্বপূর্ণ এলাকা কলেজ মোড়ে পৌরসভার জমিতে অবৈধভাবে দোকানঘর নির্মাণ ও প্রশাসনের নিষ্ক্রিয়তায় ক্ষোভ জানিয়ে সাবেক পৌর মেয়র মোতাছিম বিল্লাহ মতু। তিনি এ বিষয়ে পৌর নাগরিকদের এক খোলা চিঠি দিয়েছেন। যা বর্তমানে শহরের মূল আলোচ্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। গত রবিবার (২০ জুলাই) তিনি তার ব্যক্তিগত ফেসবুক প্রোফাইলে চিঠিটি প্রকাশ করেন।এর আগে তিনি কিছু অংশ স্থানীয় সংবাদপত্রেও বিজ্ঞাপন আকারে ছাপানো হয়। চিঠিতে সাবেক মেয়র অভিযোগ করেন, কলেজ মোড়ের পোস্ট অফিস ও তুলা ভবনের সামনের জমিটি পৌরসভার মালিকানাধীন হলেও, রাতারাতি সেখানে দোকানঘর নির্মাণ করা হচ্ছে। তিনি দাবি করেন, স্থানীয় বাসিন্দা মোহাম্মদ মহাব্বত আলী জমিটি নিজের বলে দাবি করে মামলা করে। কিন্তু আদালত সেটিকে পৌরস-ভার সম্পত্তি হিসেবে রায় দিয়েছেন। মামলাটি এখনো উচ্চ আদালতে চলমান থাকা সত্ত্বেও মহাব্বত আলী নির্মাণকাজ চালিয়ে যাচ্ছেন। আর এতে সহযোগিতা করেছেন তৎকালীন মেয়র, যিনি আদালতের রায় উপেক্ষা করে মার্কেট নির্মাণের অনুমতি দিয়েছেন।

সাবেক মেয়রের ভাষায়, "আদালত থেকে নিষ্পত্তি না

৩-এর পৃষ্ঠা দেখুন

## স্বাস্থ্য



# রক্তচাপ নিয়ন্ত্রণে খেতে হবে এই ১০টি খাবার

সূর্যোদয় প্রতিবেদন

হৃদরোগ প্রতিরোধে খাদ্যাভ্যাস সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যেমন ব্যায়াম ও মানসিক চাপ নিয়ন্ত্রণ জরুরি, তেমনি প্রতিদিনের খাবারই হতে পারে হৃদয়কে সুস্থ রাখার সহজ ও কার্যকর উপায়। এই বিষয়ে ইউটিউবে প্রকাশিত এক ভিডিওতে বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. বিমল ছাজের এমন ১০টি খাদ্য তালিকা প্রকাশ করেছেন, যেগুলো প্রতিদিন খাওয়া উচিত রক্তচাপ নিয়ন্ত্রণ, কোলেস্টেরল হ্রাস এবং অন্তঃপ্রদাহ প্রতিরোধে সাহায্য করার জন্য। হৃদয়বান্ধব প্রতিদিনের ১০টি খাবার হলো, ১. কালো আঙুর : অ্যান্টিঅক্সিডেন্ট (বিশেষ করে রেসভেরাট্রল) সমৃদ্ধ কালো আঙুর খারাপ কোলেস্টেরল কমায়, রক্তনালী সুরক্ষিত রাখে এবং হৃদযন্ত্র সুস্থ রাখতে সাহায্য করে। ২. আপেল: ফাইবার ও পলিফেনলে ভরপুর আপেল কোলেস্টেরল কমায়, রক্তচাপ নিয়ন্ত্রণ করে এবং হৃদযন্ত্রের সামগ্রিক কার্যকারিতা উন্নত করে। ৩. নাশপাতি: পটাশিয়াম সমৃদ্ধ এই ফল হৃদস্পন্দন নিয়ন্ত্রণে সহায়তা করে এবং রক্তচাপ স্থিতিশীল রাখতে সাহায্য করে। ৪. স্ট্রবেরি: অ্যান্টিঅক্সিডেন্ট ও ভিটামিন সি সমৃদ্ধ স্ট্রবেরি প্রদাহ কমায়, ধমনী পরিষ্কার রাখে এবং হৃদরোগের ঝুঁকি কমায়। ৫.

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপি ক্ষমতায় এলে সাকিবের ভবিষ্যৎ কী ফখরুলের মন্তব্য

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশ-পাকিস্তান টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে উপস্থিত ছিলেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। খেলাটি দেখতে এসে তিনি এক বেসরকারি টিভি চ্যানেলের সঙ্গে কথা বলেন। সাক্ষাৎকারে সাকিব আল হাসানের জাতীয় দলে ফেরার সম্ভাবনা নিয়ে প্রশ্ন করা হলে ফখরুল বলেন, "সাকিবের ফর্ম ও পারফরম্যান্সের ওপর জাতীয় দলে ফেরার সিদ্ধান্ত নির্ভর করবে। এবং তখন সে ক্রিকেট খেলছে কি না, সেটাও গুরুত্বপূর্ণ। আমি কখনো খেলাধুলায় রাজনীতি মিশাতে চাইনি। যোগ্য খেলোয়াড়দের অবশ্যই দলে জায়গা পেতে হবে।" গত এক বছর ধরে দেশের বাইরে অবস্থান করা সাকিব আল হাসান বর্তমানে সংসদ সদস্য হিসেবে দায়িত্ব

৩-এর পৃষ্ঠা দেখুন

# উত্তরায় বিমান বিধ্বস্তে নিহত ২০

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর উত্তরার দিয়াবাড়ী এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে অন্তত ২০ জন নিহত হয়েছেন। ঘটনায় আহত হয়েছেন আরও শতাধিক শিক্ষার্থী, যাদের



অধিকাংশই অগ্নিদগ্ধ অবস্থায় বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন।

সোমবার দুপুর ১টা ১৮ মিনিটে বাংলাদেশ বিমানবাহিনীর একটি এফ-৭ বিজিআই মডেলের প্রশিক্ষণ বিমান উড্ডয়নের মাত্র ১২ মিনিট পর বিধ্বস্ত হয় কলেজ ক্যাম্পাসে। আছড়ে পড়ার পরপরই বিমানটিতে ভয়াবহ আগুন ধরে যায়, যার তীব্রতা মুহূর্তেই আশপাশের শ্রেণিকক্ষ ও শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে পড়ে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল জানান, এখন পর্যন্ত ১৯ জনের মৃত্যু নিশ্চিত হওয়া গেছে। ঘটনাস্থলে ফায়ার সার্ভিসের ৯টি ইউনিট ও ৬টি অ্যাম্বুলেন্স কাজ করছে। উদ্ধার অভিযান এখনো চলমান।

উত্তরা আধুনিক হাসপাতালের সহকারী পরিচালক ডাঃ আকাশ বলেন, ইতোমধ্যে ১২০ জন অগ্নিদগ্ধ শিক্ষার্থী চিকিৎসা নিয়েছেন। এদের বেশি-রভাগের শরীরের ৬০ থেকে ৭০ শতাংশ পর্যন্ত পুড়ে গেছে। আহতদের মধ্যে অধিকাংশের বয়স ১৪ থেকে ২০ বছরের মধ্যে। ঘটনার পরপরই আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে বিজিবির ২ প্লাটুন সদস্য মোতায়েন করা হয়। দুপুর ১টা ২২ মিনিটে ফায়ার সার্ভিসের প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার তৎপরতা শুরু করে। উত্তরা, টঙ্গী, কুর্মিটোলা, মির

৩-এর পৃষ্ঠা দেখুন



# উত্তরায় প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর আহ্বান তারেক রহমানের

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর উত্তরা মাইলস্টোন কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হওয়ার ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। দুর্ঘটনায় হতাহতদের পাশে দাঁড়াতে দলীয় নেতাকর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। সোমবার (২১ জুলাই) দুপুর ১টা ১৮ মিনিটে বিমান বাহিনীর একটি এফ-৭ বিজিআই মডেলের প্রশিক্ষণ বিমানটি মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ভবনের কাছে বিধ্বস্ত হয়। ভয়াবহ এই দুর্ঘটনায় এখন পর্যন্ত একজনের মৃত্যুর খবর নিশ্চিত করেছে পুলিশ। আহত হয়েছে আরও অনেকে। ঘটনার পরপরই

৩-এর পৃষ্ঠা দেখুন

# ১০ দিনের মধ্যে জাতীয় সনদ বাস্তবায়নের আশা -আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, সব দলের সহযোগিতা অব্যাহত থাকলে আগামী ১০ দিনের মধ্যেই জাতীয় সনদ বাস্তবায়ন সম্ভব হবে। রাজনৈতিক দলগুলোর প্রতি দ্রুত সিদ্ধান্তে পৌঁছানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, "কাউকে কিছু জোর করে চাপিয়ে দিতে চায় না কমিশন। ঐক্যমতের ভিত্তিতেই জাতীয় সনদ চূড়ান্ত হবে।"

সোমবার (২১ জুলাই) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে অনুষ্ঠিত চলমান সংলাপের দ্বিতীয় দফার ১৬তম দিনের আলোচনায় এসব কথা বলেন তিনি। আলী রীয়াজ জানান, বর্তমানে অধিকাংশ বিষয়ে কমিশন সিদ্ধান্ত গ্রহণের পর্যায়ে পৌঁছে গেছে। রাজনৈতিক দলগুলোর অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে খসড়া সনদের মূল কাঠামো তৈরি হয়েছে। জুলাই মাসের মধ্যেই চূড়ান্ত রূপ দেওয়ার পরিকল্পনা রয়েছে বলেও জানান তিনি।

তিনি বলেন, "আমরা এখন এমন এক পর্যায়ে এসেছি যেখানে সিদ্ধান্ত নেওয়ার সময়। ১০ দিনের মধ্যে আমরা একটি জাতীয় সনদ বাস্তবায়ন করতে পারি, যদি রাজনৈতিক দলগুলো কার্যকর সিদ্ধান্ত নেয় এবং মতৈক্যে পৌঁছায়।" জাতীয় ঐকমত্য কমিশনের উদ্যোগে এই সংলাপ শুরু হয়েছে দেশের বর্তমান রাজনৈতিক অস্থিরতা ও বিভাজনের প্রেক্ষাপটে। কমিশনের লক্ষ্য সব রাজনৈতিক দলের অংশগ্রহণে একটি সর্বজনগ্রাহ্য জাতীয় সনদ প্রণয়ন, যেখানে সুষ্ঠু নির্বাচন, গণতন্ত্র, মানবাধিকার ও সাংবিধানিক শাসন প্রতিষ্ঠার বিষয়গুলো স্পষ্টভাবে উল্লেখ থাকবে। কমিশন সূত্রে জানা গেছে, সনদে অন্তর্ভুক্ত হতে যাওয়া

৩-এর পৃষ্ঠা দেখুন




# বিতর্কিত তিন নির্বাচনের তদন্তে নেমেছে পিবিআই

সূর্যোদয় প্রতিবেদন

বিগত দশম, একাদশ ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে তীব্র বিতর্ক এবং ভোট কারচুপির অভিযোগের প্রেক্ষিতে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) মাঠে নেমেছে। এসব নির্বাচনে দায়িত্ব পালনকারী প্রায় ১২ লাখ ৮৯ হাজার কর্মকর্তা-কর্মচারীর বিস্তারিত

৩-এর পৃষ্ঠা দেখুন

# টি-টোয়েন্টি জিততে ছক্কা লাগে-ইমন

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ছন্দে থাকলে যে কোনো দলের বিপক্ষে ভালো খেলে। শ্রীলঙ্কা থেকে জয়ের ছন্দ নিয়ে দেশে ফেরা লিটন কুমার দাসরা সে রেকর্ড ধরে রেখেছেন পাকিস্তানের বিপক্ষেও। গতকাল মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে সিরিজের প্রথম ম্যাচে অলরাউন্ড ক্রিকেট খেলে ৭ উইকেটে জিতেছে ২৭ বল হাতে রেখে। এই জয় আরও আত্মবিশ্বাসী করবে ক্রিকেটারদের। পরের ম্যাচে আরও ভালো খেলতে প্রেরণা জোগাবে। যদিও পিচ নিয়ে সমালোচনা রয়েছে। পাকিস্তানের কোচ মাইক হেসন বলেছেন, গতকালের ম্যাচের উইকেট আন্তর্জাতিক




৩-এর পৃষ্ঠা দেখুন

# নির্বাচনে পরাজয় সত্ত্বেও ক্ষমতা ছাড়তে নারাজ জাপানের প্রধানমন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

জাপানের পার্লামেন্টের উচ্চকক্ষের নির্বাচনে পরাজয়ের পরও পদ ছাড়তে রাজি নন দেশটির প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা। রোববার অনুষ্ঠিত এই নির্বাচনে ক্ষমতাসীন লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি) ও তার মিত্র কোমেইতো পার্টি সংখ্যাগরিষ্ঠতা হারিয়েছে। ২২৪টি আসনের মধ্যে জোটটির প্রয়োজন ছিল কমপক্ষে ৫০টি আসন। রাষ্ট্রায়ত্ত গণমাধ্যম এনএইচকে জানিয়েছে, তারা পেয়েছে ৪৭টি আসন। এখনও একটি আসনের ফলাফল বাকি। ভোটগ্রহণ শেষে এক প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী ইশিবা বলেন, "এই কঠিন ফলাফল আমি আন্তরিকভাবে মেনে নিচ্ছি, তবে এখন আমার লক্ষ্য বাণিজ্য আলোচনা এগিয়ে নেওয়া।" বিশ্লেষকরা বলছেন, মূল্যস্ফীতি, বিশেষ করে চালসহ নিত্যপণ্যের দাম বৃদ্ধি এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

# রানওয়ে থেকে ছিটকে পড়লো এয়ার ইন্ডিয়ার ফ্লাইট

সূর্যোদয় প্রতিবেদন

টানা ভারি বৃষ্টির মধ্যে ভারতের মুম্বাইয়ে ভয়াবহ এক বিমান দুর্ঘটনা থেকে অল্পের জন্য রক্ষা পেয়েছেন শতাধিক যাত্রী ও ক্রু। সোমবার সকালে ছত্রপতি শিবাজি মহারাজ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় রানওয়ে থেকে ছিটকে পড়ে কোচি থেকে আসা একটি এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের ফ্লাইট। দুর্ঘটনায় বিমানের একটি ইঞ্জিন ও চাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। সামান্য সময়ের ব্যবধানে একটি বড়

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# যেভাবে ফোনে 'ভয়েস টাইপিং' করবেন



সিরি, এলেক্সা ও জেমিনাইয়ের মতো এআই সহযোগীগুলোর ব্যবহার বাড়ার কারণে অনেকেই এখন গ্যাজেটের সঙ্গে কথা বলায় অভ্যস্ত। তবে কথা বলার মাধ্যমে যে টাইপ করা সম্ভব তা হয়তো অনেকের অজানা। অ্যানড্রোয়েড ও আইওএস ডিভাইসে কীভাবে 'ভয়েস টাইপ' করা যায়- এ বিষয়ে ওয়ার্ডের এক প্রতিবেদন বলছে, ব্যবহারকারীরা চাইলেই ইচ্ছেমতো টাইপ বা ভয়েস টাইপ করতে পারবেন।

অ্যানড্রোয়েড : পিক্সেল ও অন্যান্য অ্যানড্রোয়েড ফোনে জি-বোর্ড থাকে। টাইপ করতে গেলে যখন বোর্ডটি পপআপ করবে, তখন ভয়েস টাইপিংয়ের জন্য বোর্ডের ডান পাশে মাইক্রোফোন আইকনে চাপ দিয়ে কথা বলতে পারবেন। ভয়েস টাইপিংয়ে কোনো শব্দ মুছতে 'ডিলিট' শব্দ ব্যবহার করতে পারেন, পুরো লেখা মুছতে 'ক্লিয়ার অল' বলতে পারেন। লেখার ফরম্যাট বা লেখাটি ঠিকঠাক দেখাতে পরবর্তী ধাপে কী করতে হবে সে সম্পর্কে নির্দেশনা দেওয়া হয়। ফোনে যদি ভয়েস টাইপিং কাজ না করে তাহলে সেটি চালু আছে কি না দেখতে হবে। না থাকলে ফোনের সেটিং>সিস্টেম>কিবোর্ড>অন-স্ক্রিন কিবোর্ড>জি-বোর্ড>ভয়েস টাইপিংয়ে গিয়ে চালু করতে পারবেন। আইওএস : আইফোনেও ভয়েস টাইপিংয়ের সুযোগ রয়েছে। যদিও অ্যাপলের তৈরি

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
**নিয়মিত রোগী দেখেন**
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ২২ জুলাই ২০২৫ ইং

## মেহেরপুরে বিদ্যুতের তার চুরি- অন্ধকারে ডুবে যাচ্ছে নিরাপত্তা ও শৃঙ্খলা

মেহেরপুরে বিদ্যুতের তার চুরির ঘটনা এখন আর বিচ্ছিন্ন কোনো অপরাধ নয়। এটি এক ভয়াবহ সামাজিক ও প্রশাসনিক সংকটের রূপ নিয়েছে। শহর থেকে গ্রাম পর্যন্ত বিদ্যুতের লাইনে চোরচক্রের অবাধ বিচরণ, দিনের আলোতেও নির্বিঘ্নে তার চুরি এসবই প্রমাণ করে, একটি সুসংগঠিত ও প্রভাবশালী অপরাধচক্র এ কাজের সঙ্গে জড়িত। এমনকি সরকারি গুরুত্বপূর্ণ প্রকল্পের নিরাপত্তাও আজ চরম হুমকির মুখে।

বিদ্যুৎ খুঁটির তার, বাড়ির মিটার, মাঠের ট্রান্সফরমার কিছুই রক্ষা পাচ্ছে না। এসব চুরি শুধু আর্থিক ক্ষতি নয়, এর সঙ্গে জড়িত রয়েছে জীবনহানির ঝুঁকি, কৃষিকাজে বিপর্যয় ও জনজীবনে স্থায়ী ভোগান্তি। বিদ্যুৎহীন রাত্রি মানে শুধু অন্ধকার নয়। এটা জননিরাপত্তা, শিক্ষার পরিবেশ ও ব্যবসা-বাণিজ্যের ক্ষয়ক্ষতি ডেকে আনে। এখানে সবচেয়ে উদ্বেগজনক দিক হলো প্রশাসনের নিষ্ক্রিয়তা ও সাধারণ মানুষের আস্থাহীনতা। থানায় অভিযোগ জমা পড়ছে সামান্যই, আর যা পড়ছে, তা থেকেও কার্যকর কোনো পদক্ষেপ দৃশ্যমান নয়। পুলিশের অগোচরে এমন বেপরোয়া চুরির ঘটনা প্রশাসনের দক্ষতা ও সদিচ্ছার প্রশ্ন তোলে। স্থানীয়দের মতে, এই চক্রের সঙ্গে এলাকার মাদকাসক্ত বখাটেরা ও অসাধু ভাঙড়ি ব্যবসায়ীরা জড়িত। প্রশাসন যদি এখনই শক্ত হাতে ব্যবস্থা না নেয়, তবে অচিরেই এটি একটি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়া অপরাধে রূপ নেবে।সরকারি সংস্থা, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের এখনই একযোগে কাজ করতে হবে। প্রতিটি চুরির ঘটনায় দ্রুত তদন্ত ও বিচার নিশ্চিত করতে হবে। ভাঙড়ি ব্যবসায়ীর লাইসেন্স যাচাই, নজরদারি ও অবৈধ বেচাকেনা বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে। সেই সঙ্গে জনসচেতনতা বাড়ানো, প্রতিবেশী নজরদারি (পড়সসঁহরঃু ধিঃপয), এবং প্রযুক্তি ব্যবহার করে নজরদারি জোরদার করার সময় এখনই। অপরাধ যখন অন্ধকারকে পুঁজি করে বেড়ে ওঠে, তখন শুধু আলো নয়, দরকার কঠোর মনোভাব ও সক্রিয় প্রশাসন। বিদ্যুতের তার চুরি এখন মেহেরপুরের অন্ধকার নয়, গোটা প্রশাসনের বিবেকের অন্ধকারে প্রশ্ন তুলছে।

## ২২ জুলাই: আইনশৃঙ্খলা

শুরু, ৪ দফা দাবিতে আন্দোলনকারীদের আল্টিমেটামকোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সংঘর্ষ, হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় সারাদেশে সোমবার পর্যন্ত ১৬৪টি মামলা করা হয়। এর মধ্যে ডিএমপিতে ৭১টি, চট্টগ্রাম মহানগরে ১৪টি এবং অন্যান্য জেলায় ৭৯টি মামলা করা হয়। চিরুনি অভিযানে গ্রেফাতার ব্যক্তিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

এদিকে র‍্যাবের বিভিন্ন ব্যাটালিয়ন সোমবার সারাদেশে অভিযান চালিয়ে ৪০ জনকে গ্রেফতার করে। আগের দিন রোববার নাশকতায় জড়িত থাকার অভিযোগে সারাদেশে ৩৯ জনকে গ্রেফতার করে র‍্যাব।

২২ জুলাই কোটা সংস্কার সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সারসংক্ষেপে স্বাক্ষর করেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদিন রাত ৯টায় তিনি এই সারসংক্ষেপে স্বাক্ষর করেন। এর আগে দুপুরে শেখ হাসিনা কিছু ব্যবসায়ীর সাথে গণভবনে বৈঠক করেন। বৈঠকে তিনি বিভিন্ন স্থাপনায় হামলা ও সহিংসতার জন্য বিএনপি, জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরকে দায়ী করেন এবং তাদের বিরুদ্ধে 'আরও শক্ত অ্যাকশন' নেওয়ার কথা বলেন।

এদিকে ২২ জুলাই পঞ্চম দিনের মতো পুরো দেশকে ইন্টারনেটবিহীন রাখে সরকার। এক নির্বাহী আদেশে সাধারণ ছুটি আরও একদিন (২৩ জুলাই) বাড়ানো হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম চার দফা দাবিতে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি স্থগিত করেন।

কোটা সংস্কার আন্দোলন ব্যাপক সহিংসতায় রূপ নিলে শুক্রবার (১৯ জুলাই) মধ্যরাত থেকে কারফিউ জারি করা হয়। সোমবার কারফিউর তৃতীয় দিন ছিল। এদিন দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত কারফিউ শিথিল রাখা হয়।

এদিন রাজধানীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি শান্ত ছিল। তবে মহাখালীতে কয়েকশ আন্দোলনকারী কিছু সময়ের জন্য সড়ক অবরোধ করে রাখেন। পরে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা তাদের সরিয়ে দেন।

রাজধানীর অন্যান্য এলাকায় আন্দোলনকারীদের তেমন তৎপরতা না থাকলেও পথে পথে সেনাবাহিনী, পুলিশ ও র‍্যাবের ব্যাপক অবস্থান দেখা যায়। গুরুত্বপূর্ণ পয়েন্টে সেনাবাহিনীর সাঁজোয়া যান মোতায়েন ছিল। আকাশে ছিল পুলিশ-র‍্যাবের হেলিকপ্টার টহল।

এদিন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন দুইজন আন্দোলকারীর মৃত্যু হয়। সোমবার পর্যন্ত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে আন্দোলনে নিহত ৬৮টি লাশ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়।

২২ জুলাই সেনাপ্রধান যাত্রাবাড়ীসহ ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে মোতায়েন করা সেনা সদস্যদের কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় সেনাপ্রধান বলেন, 'জনগণের স্বার্থে এবং রাষ্ট্রের যেকোনো প্রয়োজনে সেনাবাহিনীর সদস্যরা অক্লান্ত পরিশ্রম করে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে দেশব্যাপী কাজ করে যাচ্ছে।'

এছাড়া এদিন যাত্রাবাড়ী এলাকা পরিদর্শন করেন তৎকালীন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন, র‍্যাবের মহাপরিচালক মো. হারুন অর রশিদ ও ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। এ সময় আইজিপি সাংবাদিকদের বলেন, 'প্রতিটি অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য পাই পাই করে হিসাব দিতে হবে।'

তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, 'পরিস্থিতির আরও উন্নতির জন্য কারফিউ অব্যাহত থাকবে। মঙ্গলবার দুপুর ১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত কারফিউ শিথিল থাকবে। পরিস্থিতির উন্নতি হলে আস্তে ধীরে কারফিউ শিথিলের সময় পর্যায়ক্রমে বাড়ানো হবে।'

রোববার দিবাগত রাত থেকে সোমবার সকাল পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় জড়িত থাকার অভিযোগে চট্টগ্রাম মহানগরে ৪৬ জন, নারায়ণগঞ্জে ১১০ জন, গাজীপুরে ২৫ মামলায় ১৫৬ জন, বগুড়ায় ১০ মামলায় ৯৪ জন, ঠাকুরগাঁওয়ে ২৫ জন, লালমনিরহাটে দুই জন, টাঙ্গাইলে ৩৯ জন, রংপুরে ১৮ জন, জয়পুরহাটে ৩৬ জন, কক্সবাজারে তিন মামলায় ২৪ জন, বরগুনায় ২৫ জন, বরিশালে ১৩ জন, দিনাজপুরে ৩১ জন, জামালপুরে আটটি মামলায় ১৮ জন, ঝিনাইদহে ১৩ জন, কুমিল্লায় ৯১ জন, নাটোরে চার জন, ফেনীতে আট জন, গাইবান্ধায় দুই নাশকতার মামলায় ৪৫ জন, ফরিদপুরে ১৭ জন, পঞ্চগড়ে চার জন, কিশোরগঞ্জে ২৬ জন, লক্ষ্মীপুরে ১৪ জন এবং ব্রাহ্মণবাড়িয়ায় ২৫ জনকে গ্রেফতার করে পুলিশ।

## গাংনীতে ২ কেজি গাঁজাসহ এক

জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি দল নওপাড়া-তেঁতুলবাড়িয়া পাকা সড়কে অভিযান চালায়। অভিযানকালে সড়কের মাঝামাঝি এলাকায় সিদ্দিক আলীর চায়ের দোকানের সামনে একটি প্লাস্টিক ব্যাগের ভেতর পলিথিনে মোড়ানো অবস্থায় দুইটি পোঁটলায় ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়। এসময় ঘটনাস্থল থেকে সাইফুল ইসলামকে হাতেনাতে আটক করা হয়। ওসি আরও জানান, আটক সাইফুল ইসলামের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। মাদকের বিরুদ্ধে জেলা পুলিশের অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

## বর্ণাঢ্য শোভাযাত্রা, নেতাকর্মীদের

করতে সোমবার (২১ জুলাই) দিনভর কর্মসূচির আয়োজন করা হয়।

দিনের সূচনা হয় সম্মেলনস্থল পরিদর্শনের মাধ্যমে। পরে কেদারগঞ্জ বাজার থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়, যাতে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও অঙ্গ-সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ করে প্রস্তুতি সভাস্থলে গিয়ে শেষ হয়। পুরো শোভাযাত্রা ছিল নানা রঙের পতাকা, ব্যানার ও স্লোগানে মুখরিত। প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান এবং সভা পরিচালনা করেন উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির সদস্য মশিউর রহমান, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, বাগোয়ান ইউনিয়নের সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়নের সভাপতি আশরাফুল ইসলাম কালু, মোনাখালী ইউনিয়নের সভাপতি রাইয়ানুল ইসলাম, ছাত্রদল নেতা ফাহিম আহনাফ লিংকন, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকা বিল্লাহ, যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক এবং সাধারণ সম্পাদক কাউসার আলী প্রমুখ।নেতারা তাঁদের বক্তব্যে তৃণমূল পর্যায়ে সংগঠনকে আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করেন এবং আসন্ন সম্মেলনকে সফল, সুশৃঙ্খল ও স্মরণীয় করে তোলার জন্য সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মোঃ জাহিদুল ইসলাম

## মেহেরপুরে যুবকদের আশার আলো ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব



সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের ৬৪ টি জেলার যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে ৬৪ টি ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতিমধ্যে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই বা সমীক্ষা পরিচালনা(ফিজিবিলিটি স্টাডি) সমাপ্ত হয়েছে। প্রতিটি ল্যাবের জন্য তিনশত একষট্টি লক্ষ টাকা ( প্রাক্কলন) বরাদ্দ করা হয়েছে। এটা বাস্তবায়ন করা হবে ২০২৫ থেকে ২০২৮ এই সময়কালের মধ্যে। প্রথমত আরবি ও ইংরেজি ভাষার উপর মৌলিক দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ দেওয়া হবে। তবে যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলি থেকে আরো বেশকিছু ভাষার প্রশিক্ষণ চালু করার চাহিদা দিয়ে রেখেছে। এই দাবিটা দীর্ঘদিন থেকে যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলো করে আসছিল। শুধুমাত্র যে সকল যুবক(১৮ - ৩৫ বছর বয়স) বিদেশ যেতে ইচ্ছুক তারাই এই প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ পাবে। যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলো প্রার্থীদের আবেদনের মাধ্যমে নির্বাচন করবে। অতীতে দেখা গেছে অনেক যুবক যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে বিভিন্ন ট্রেড এর উপর প্রশিক্ষণ গ্রহণ করে বিদেশ যেয়ে সংশ্লিষ্ট দেশের ভাষা জানা না থাকার কারণে ভাল কোম্পানিতে বেশি বেতনে চাকরি পেতে অনেক সময় লেগেছে ও যথেষ্ট ভোগান্তি পোহাতে হয়েছে।

ভাষা প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীরা একটি সনদপত্র পাবে এর সাথে প্রশিক্ষণ গ্রহণ বাবদ ভাতা পাবেন। আবাসন সুবিধা পাওয়ারও সম্ভাবনা আছে।

কারো যদি ভাষা প্রশিক্ষনের প্রয়োজন হয় তাহলে তাকে রাজধানী শহরে অথবা বিভাগীয় শহরে যেতে হয়। কারণ বাড়ির কাছাকাছি বা এলাকায় ভাষা প্রশিক্ষণ কেন্দ্র নেই অথবা থাকলেও সেগুলো মানসম্মত না। আবার বেশ ব্যয়সাপেক্ষ এবং চ্যালেঞ্জিংও বটে। প্রত্যেক জেলায় অবস্থিত যুব উন্নয়ন অধিদপ্তর বিনামূল্যে মানসম্মত ভাষা প্রশিক্ষণ প্রদান করবে। ভাষা দক্ষতা অভিবাসী কর্মীদের যেভাবে সাহায্য করে যেমন : ১. কর্মক্ষেত্রে কার্যকর যোগাযোগ ২. কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি ৩. বর্ধিত বেতন ৪. উন্নত সচেতনতা এবং সুরক্ষা ইত্যাদি। আগামী ৫ থেকে ১০ বছরের মধ্যে মৌলিক ভাষা দক্ষতা সম্পন্ন দক্ষ অভিবাসী কর্মীদের চাহিদা ব্যাপক আকারে বৃদ্ধি পাবে। যুব কর্মসংস্থান বৃদ্ধির জন্য ৬৪ টি ডিজিটাল ভাষা ল্যাব স্থাপন ও পরিচালনায় দীর্ঘমেয়াদী অর্থনৈতিক ও সামাজিক যেসকল সুবিধা হবে সেগুলো হচ্ছে : ১. বেকারত্ব হ্রাস এবং কর্মসংস্থান বৃদ্ধি ২. দক্ষ অভিবাসন বৃদ্ধি ৩. রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি ইত্যাদি। দেশের বেশ কিছু জেলার লোকজন যেমন নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, হবিগঞ্জ, মৌলভীবাজার, সিলেট, সুনামগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, বরিশাল ইত্যাদি জেলার লোকজন বিদেশে বেশি পরিমাণে থাকে। ফলে ওই সকল জেলার আর্থসামাজিক অবস্থা তুলনামূলক অন্যান্য জেলার তুলনায় ভাল। সেক্ষেত্রে মেহেরপুর জেলার অল্পশিক্ষিত, শিক্ষিত বেকার যুবকরা স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ভাষা শিক্ষার উপর কোর্স সম্পন্ন করে বিদেশ থেকে অধিক পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে নিজ জেলার অর্থনৈতিক অবস্থার অগ্রগতিতে ভূমিকা রাখবে বলে মনে করি।

(লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# জামাতে নামাজ আদায়ে প্রচলিত ১০ ভুল

রফিকুল ইসলাম

পুরুষ মুসল্লিদের জন্য জামাতে পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করা সুন্নাতে মুয়াক্কাদা, যা ওয়াজিবের কাছাকাছি গুরুত্বপূর্ণ ইবাদত। কিন্তু অনেক সময় আমরা অজান্তেই এমন কিছু ভুল করে ফেলি, যা নামাজের আদব বা শুদ্ধতা ব্যাহত করে। নিচে এমন ১০টি সাধারণ ভুল তুলে ধরা হলো, যা জামাতে নামাজ আদায়ের সময় সচরাচর হয়ে থাকে: ১. কাতার সোজা না করা: কাতার সোজা করে দাঁড়ানো জামাতের অন্যতম গুরুত্বপূর্ণ নিয়ম। রাসুলুল্লাহ (সা.) হুঁশিয়ার করে বলেছেন, 'তোমরা কাতার সোজা করে দাঁড়াও, না হলে আল্লাহ তোমাদের মধ্যে মতবিরোধ ও শত্রুতা সৃষ্টি করে দেবেন।' (বুখারি, হাদিস : ৭১৭) ২. কাতারে ফাঁকা জায়গা ফেলে রাখা: জামাত চলাকালীন যদি কেউ দেখে যে কাতারে ফাঁকা রয়েছে, তাহলে সেই স্থান পূরণ করা ফরজের শামিল। হাদিসে কাতারে ফাঁকা রাখা থেকে নিষেধ করা হয়েছে। (আবু দাউদ, হাদিস : ৬৬৬) ৩. সামনের কাতার ফাঁকা রেখে পেছনে দাঁড়ানো: সরাসরি নির্দেশনা রয়েছেড়আগে সামনের কাতার পূর্ণ করতে হবে, তারপর পেছনের। রাসুল (সা.) বলেছেন, 'সামনের কাতার পূরণ করো, এরপর এর পরবর্তী।' (আবু দাউদ, হাদিস : ৪৭১) ৪. দৌড়ে এসে জামাতে শরিক হওয়া: জামাত ধরার জন্য দৌড়ানো অনুচিত। ইকামত শুনে ধীরে ও শান্তভাবে মসজিদে যেতে বলা হয়েছে। (বুখারি, হাদিস : ৬৩৬) ৫. রুকু না পেলে দাঁড়িয়ে থাকা: অনেকে মনে করেন, রুকু না পেলে জামাত ধরার মানে নেই। কিন্তু হাদিসের নির্দেশনা ইমামকে যে অবস্থায় পাওয়া যায়, সেখান থেকেই নামাজে শরিক হতে হবে। পরবর্তী রাকাতের জন্য অপেক্ষা নয়। (বুখারি, হাদিস : ৬৩৬) ৬. ইমামের আগে রুকু বা সিজদা করা: ইমামের আগেই রুকু বা সিজদায় যাওয়ার বিষয়টিকে রাসুল (সা.) কঠোরভাবে নিষেধ করেছেন এবং ভয়াবহ পরিণতির কথা বলেছেন। (বুখারি, হাদিস : ৬৯১) ৭. সিজদায় হাত এমনভাবে রাখা যাতে পাশের মুসল্লি কষ্ট পান: সিজদার সময় হাত প্রসারিত করে এমনভাবে রাখা উচিত নয়, যাতে পাশের মুসল্লির জায়গা সংকুচিত হয় বা তার কষ্ট হয়। ৮. ইমাম ভুল করলে লোকমা না দেওয়া: ইমাম ভুল করলে মুসল্লিরা তাৎক্ষণিকভাবে 'লোকমা' দিয়ে তাকে সতর্ক করবেন। তা না করলে জামাতের সঠিকতা বিঘ্নিত হতে পারে। (ফতোয়ায়ে রহীমিয়া : ৬/১৮৮) ৯. ইমামের দ্বিতীয় সালামের আগেই মাসবুকের দাঁড়িয়ে যাওয়া: অনেকে ইমামের ডান দিকে সালাম ফিরানোর পরপরই দাঁড়িয়ে পড়েন, যা নিয়মবিরুদ্ধ। উচিৎ হলোড়উভয় দিকের সালাম শেষে কিছুক্ষণ অপেক্ষা করে দাঁড়ানো। (ফতোয়ায়ে শামি : ২/৩৪৮) ১০. মোনাজাতকে নামাজের অংশ মনে করা: ফরজ নামাজের পর সম্মিলিত মোনাজাত করা বৈধ হলেও, তা নামাজের অংশ নয়। কেউ চাইলে মোনাজাতে অংশ নিতে পারেন, আবার না নিলেও গোনাহ হবে না। জামাতের সঙ্গে নামাজ আদায় করা শুধু একটি ইবাদত নয়, বরং তা মুসলিম উম্মাহর ঐক্য, শৃঙ্খলা ও ভ্রাতৃত্ববোধের প্রতীক। তাই নামাজের বাহ্যিক ও অভ্যন্তরীণ শুদ্ধতার পাশাপাশি জামাতের আদব ও নিয়ম মেনে চলা প্রত্যেক মুসল্লির দায়িত্ব।

## পুরাতন যানবাহনের বিরুদ্ধে অভিযান

সড়কে নামানোর বিরুদ্ধে মুচলেকা গ্রহণ করা হয়। অভিযান চলাকালে বিআরটিএর সহকারী পরিদর্শক জিয়াউর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রশাসনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসন ও বিআরটিএ এর এই যৌথ উদ্যোগের মাধ্যমে সড়কে পুরাতন ও অবিকল যানবাহন নিয়ন্ত্রণে রেখে পরিবহন সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ নেওয়া হয়েছে।

## মেহেরপুরে ইয়াবাসহ তিনজন আটক

ইয়াবা ব্যবসার সঙ্গে জড়িত থাকার অভিযোগে হামিম হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। অপর দুই আসামি মামুন রেজা ও আল ইমতিয়াজ নাহিদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার প্রক্রিয়া হাতে নেওয়া হয়েছে।

## মেহেরপুরে আইন-শৃঙ্খলা ও মাসিক

ডা. আনজুমান আর, সদর থানার অফিসার ইনচার্জ মেজবাউর রহমান, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন, সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, মেহেরপুর সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক আলমগীর হোসেন, আমদহ ইউপি চেয়ারম্যান রওশন আলী টোকন, আমঝুপি ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান সিরাজুল ইসলাম, পিরোজপুর ইউপি চেয়ারম্যান এইচএম ইকবাল মাহমুদ ও শ্যামপুর ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল হোসেন সভায় অংশ নেন। সভায় চোরাচালান প্রতিরোধ, আইন-শৃঙ্খলা রক্ষা, মাদক নির্মূল, শিক্ষা ও স্বাস্থ্যখাতের উন্নয়নসহ নানা দপ্তরের চলমান কার্যক্রম পর্যালোচনা ও সমন্বয় বিষয়ে আলোচনা হয়।

## কুস্টিয়ায় যৌথ অভিযানে ৩ কোটি

মানিকের চর ও চল্লিশপাড়া এলাকায় এই অভিযান পরিচালিত হয়।

গোপন ভিত্তিতে অভিযানটি পরিচালনা করেন দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হাই সিদ্দিকী, মৎস্য কর্মকর্তা হোসেন আহমেদ স্বপন এবং বিজিবির সহকারী পরিচালক মোঃ জাকিরুল ইসলাম। অভিযান চলাকালে বিজিবি ও আনসার সদস্যরা সহায়তা করেন। অভিযানে প্রায় ২০ হাজার কেজি চায়না দুয়ারি জাল এবং ৩৫০০ কেজি কারেন্ট জাল উদ্ধার করা হয়। এগুলোর আনুমানিক বাজারমূল্য ৩ কোটি ৫২ লাখ ৫০ হাজার টাকা। এ সময় বিপুল পরিমাণ মাছের পোনাও উদ্ধার করে নদীতে অবমুক্ত করা হয়। পরে জব্দকৃত সব জাল পুড়িয়ে ধ্বংস করা হয় উপজেলা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে। ৪৭ বিজিবির পক্ষ থেকে জানানো হয়েছে, অবৈধ জাল ব্যবহার ও মৎস্য সম্পদ ধ্বংসের বিরুদ্ধে ভবিষ্যতেও উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের সমন্বয়ে অভিযান অব্যাহত থাকবে।

## প্রতিযোগিতায় পক্ষপাতের অভিযোগ

পরিষদের উদ্যোগে আয়োজিত এ প্রতিযোগিতায় মোট ১১টি আইডিয়া জমা পড়ে। আয়োজক সংস্থার নির্ধারিত নির্দেশনায় প্রতিটি প্রজেক্টের সঙ্গে দলের সদস্যদের স্পষ্ট ভূমিকা উল্লেখ, গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটের সঙ্গে বিষয়বস্তুর সামঞ্জস্য এবং সর্বোচ্চ দুই পৃষ্ঠায় সীমিত উপস্থাপন বাধ্যতামূলক ছিল। কিন্তু বিজয়ী ঘোষিত প্রজেক্টে চার পৃষ্ঠার বেশি কনটেন্ট রয়েছে, যা স্পষ্টত নিয়ম ভঙ্গ। একই সঙ্গে সেই প্রজেক্টে দলীয় ভূমিকা অস্পষ্ট এবং বিষয়বস্তুর মধ্যে গণঅভ্যুত্থানের সঙ্গে পর্যাপ্ত সামঞ্জস্য নেই বলে দাবি করেছেন প্রতিযোগীরা। সংবাদ সম্মেলনে প্রতিযোগী মুশফিকুর রহমান বলেন, "প্রতিযোগিতা চলাকালে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সালাউদ্দিন মঞ্জু আমাদের জানিয়ে ছিলেন, ১৩ বা ১৪ জুলাই প্রেজেন্টেশন নেওয়া হবে। কিন্তু ১৪ জুলাই পর্যন্ত কোনো প্রেজেন্টেশন নেওয়া হয়নি। হঠাৎ করেই বিজয়ী ঘোষণা করা হয়। পরবর্তীতে আমরা প্রশ্ন তুললে তিনি আমাদের সঙ্গে দুর্ব্যবহার করেন।" তিনি আরও জানান, জেলা প্রশাসকের কাছে অভিযোগ জানানোর পর তাদের প্রেজেন্টেশন নেওয়া হয়, তবে সেখানেও পক্ষপাতমূলক আচরণ ও অনিয়ম হয়েছে বলে অভিযোগ করেন তিনি। অন্য এক প্রতিযোগী সাইফুল্লাহ আল সাদিক বলেন, "যদি কেউ নির্ধারিত শর্ত ভেঙে প্রজেক্ট জমা দেয়, তাহলে সেটি প্রাথমিক পর্যায়েই বাতিল হওয়ার কথা। কিন্তু সেটাকেই বিজয়ী করা হয়েছে, যা মূল্যায়নের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তোলে।" সংবাদ সম্মেলনে আরও বলা হয়, এই অনিয়ম উদ্দেশ্যমূলকভাবে একজন নির্দিষ্ট প্রতিযোগীকে বিজয়ী করার জন্য করা হয়েছে। এতে অন্য প্রতিযোগীরা তাদের ন্যায্য মূল্যায়ন থেকে বঞ্চিত হয়েছেন। প্রতিযোগীরা এ সময় চূড়ান্ত ফলাফল বাতিল, নিয়ম মেনে সব প্রজেক্ট পুনর্মূল্যায়ন এবং নিরপেক্ষ ও স্বচ্ছ মূল্যায়ন কমিটি পুনর্গঠনের দাবি জানান। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন মাহাবুব ইসলাম আকাশ, ফাহিম উদ্দিন মভিন ও সুমন সর্দার।

## পারমাণবিক আলোচনায় অগ্রগতি না

বৈঠকে এই হুঁশিয়ারি দেন ই থ্রি দেশের পররাষ্ট্রমন্ত্রীরা এবং ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রনীতি বিষয়ক প্রধান জোসেফ বোরেল।

বৈঠক শেষে এক ফরাসি কূটনীতিক বলেন, "ইরানকে অবশ্যই কূটনৈতিক পথে ফিরে আসতে হবে। আমরা একটি স্থায়ী ও যাচাইযোগ্য পরমাণু সমঝোতার জন্য প্রস্তুত আছি, তবে সময় খুবই সীমিত।" ২০১৫ সালে স্বাক্ষরিত জয়েন্ট কম্প্রিহেনসিভ প্ল্যান অব অ্যাকশন (জেসিপিওএ) চুক্তির আওতায় ইরান তার পারমাণবিক কর্মসূচি সীমিত করেছিল এবং এর বদলে দেশটির ওপর আরোপিত আন্তর্জাতিক নিষেধাজ্ঞা শিথিল করা হয়। তবে সাম্প্রতিক বছরগুলোতে এই চুক্তি কার্যত অকার্যকর হয়ে পড়ে, বিশেষ করে যুক্তরাষ্ট্র ২০১৮ সালে একতরফাভাবে চুক্তি থেকে সরে যাওয়ার পর।

ই থ্রি দেশগুলো এখনো চুক্তির আওতায় থাকলেও তারা সতর্ক করে দিয়েছে, ১৮ অক্টোবরের আগে আলোচনায় উল্লেখযোগ্য অগ্রগতি না হলে ২০১৫ সালের আগের নিষেধাজ্ঞাগুলো ফেরত আনা হবে। জাতিসংঘের অনুমোদিত প্রস্তাবের আওতায় ৩০ দিনের মধ্যে 'স্ন্যাপব্যাক' প্রক্রিয়ায় এই নিষেধাজ্ঞা পুনর্বহাল করা সম্ভব। তবে 'দৃশ্যমান অগ্রগতি' বলতে কী বোঝানো হচ্ছে, সে বিষয়ে কোনো নির্দিষ্ট ব্যাখ্যা দেয়নি ই থ্রি। উল্লেখ্য, গত মাসে মার্কিন ও ইসরায়েলি বিমান হামলার পর ইরানে জাতিসংঘের পারমাণবিক পর্যবেক্ষক দল আর নেই। এমন পরিস্থিতিতে ইরান আলোচনা শুরুর ইঙ্গিত দিলেও বাস্তব ক্ষেত্রে কতটা অগ্রগতি সম্ভব, তা নিয়ে সংশয় রয়েছে। অনেক বিশ্লেষক মনে করছেন, ইউরোপ কার্যত আগস্টের শেষ সময়সীমা বেঁধে দিয়েছে। তবে আন্তর্জাতিক পর্যবেক্ষকদের অনুপস্থিতিতে আলোচনায় সফলতা পাওয়া প্রায় অসম্ভব হয়ে উঠছে। এদিকে, আলোচনার পথ মসৃণ করতে যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সমন্বিত কৌশল নির্ধারণের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন ইউরোপীয় কূটনীতিকরা। তাঁরা মনে করছেন, সংকট নিরসনে কূটনীতি ছাড়া আর কোনো কার্যকর পথ আপাতত খোলা নেই।

## ছেলের কবর হারানোর শঙ্কায় কবরের

বাবা। "সন্তানের কবর ছাড়া আমার আর কিছুই নেই", কবরের পাশে বসে কাঁদতে কাঁদতে বলছিলেন খবির সরদার। তিনি জানান, "বাপ-দাদার শত বিঘা জমি ছিল। এখন শুধু কবরটা আর ছাপড়া ঘরটা বাকি। গত দুই দিনেই সোয়া বিঘা ফসলি জমি নদীতে চলে গেছে। যদি এই ভাঙন আর একটু এগোয়, ছেলের কবরটাও থাকবে না।" ভাঙনের মাত্রা দিন দিন বাড়ছে। স্থানীয় বাসিন্দা শহিদুল ইসলাম মোল্লা জানান, "মাত্র দুই দিনে আমার ১০ বিঘা জমি পদ্মায় তলিয়ে গেছে। গত বছর কিছু এলাকায় জিওব্যাগ ফেলা হয়েছিল, কিন্তু এবার সেই পাশেই ভয়াবহ ভাঙন দেখা দিয়েছে।"একই অভিযোগ লোকমান সরদারের। তার ভাষায়, "আগে ১০ বিঘা জমি ছিল। এখন কিছুই নেই। অবশিষ্ট ২ বিঘা জমিও গেল। প্রশাসনের কাছে অনুরোধ, জরুরি ভিত্তিতে জিওব্যাগ ফেলা হোক। না হলে আমরা নিঃস্ব হয়ে যাব।"এদিকে প্রবাস থেকে ছুটিতে এসে ভাঙন এলাকা ঘুরে দেখা আমেরিকা প্রবাসী সোহানুর রহমান সোহান বলেন, "পদ্মার সৌন্দর্য দেখতে এসেছিলাম, কিন্তু এখানকার মানুষের কান্না আর অসহায়তা দেখে মনটা ভেঙে গেছে। এখনই ব্যবস্থা না নিলে গোটা জনপদ বিলীন হয়ে যাবে।" স্থানীয় প্রশাসনও পরিস্থিতি সম্পর্কে অবহিত। গোয়ালন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নাহিদুর রহমান জানান, "দেবগ্রাম ইউনিয়নের কাওয়ালজানি ও মুন্সিপাড়া এলাকায় ভাঙন শুরু হয়েছে। দৌলতদিয়া লঞ্চ ও ফেরিঘাট এলাকাও ঝুঁকিতে। বিষয়টি পানি উন্নয়ন বোর্ড ও বিআইডব্লিউটিএসহ ঊর্ধ্বতন দপ্তরে জানানো হয়েছে। দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য উদ্যোগ চলছে।" স্থানীয়দের আশঙ্কা, কার্যকর ব্যবস্থা না নিলে শুধু কবর বা জমি নয়, গোটা বসতি এলাকা এবং পদ্মাপাড়ের একটি পুরো অধ্যায়ই ইতিহাস হয়ে যাবে।

## চাঁদাবাজি-সন্ত্রাস প্রতিরোধে কুষ্টিয়া

উদ্দিন আহমেদ ও সদস্য সচিব ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকার। এর আগে দুপুর ১২টায় কুষ্টিয়া প্রেসক্লাবের এম এ রাজ্জাক মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন বিএনপির নেতৃবৃন্দ। এ সময় ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকার বলেন, "চাঁদাবাজি, সন্ত্রাসী কার্যক্রমসহ যেকোনো ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের অভিযোগ এই বক্সে জমা দেওয়া যাবে। অভিযোগকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। প্রতিটি অভিযোগ গুরুত্বের সঙ্গে যাচাই-বাছাই করে প্রয়োজনে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।" তিনি আরও বলেন, "বিএনপির নাম ব্যবহার করে কেউ যদি অপরাধ করে, তাহলে সেই দায় দল নেবে না। জনগণকে আহ্বান জানাচ্ছি, নির্দ্বিধায় সুনির্দিষ্ট অভিযোগ দিন। চাঁদাবাজি ও সন্ত্রাস নির্মূলে আপনারা আমাদের সহযোদ্ধা হোন।" কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ বলেন, "বিএনপির কোনো নেতাকর্মী যদি অপরাধে জড়িত থাকে, তাহলে দল তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। তবে যাচাই-বাছাই ছাড়া কোনো ব্যক্তির বিরুদ্ধে অপপ্রচার চালানো থেকে সবাইকে বিরত থাকার আহ্বান জানাচ্ছি।" তিনি বলেন, "অভিযোগ বক্সটি কুষ্টিয়া প্রেসক্লাবের সামনে স্থাপন করা হয়েছে, যেখানে যেকোনো নাগরিক তার অভিযোগ রাখতে পারবেন। আমাদের লক্ষ্য হচ্ছে সন্ত্রাস-চাঁদাবাজমুক্ত একটি নিরাপদ কুষ্টিয়া গড়ে তোলা।" অনুষ্ঠানে কুষ্টিয়া প্রেসক্লাবের সভাপতি আল মামুন সাগর, সাধারণ সম্পাদক আবু মনি জুবায়েদ রিপন, সাবেক সাধারণ সম্পাদক আনিসুজ্জামান ডাবলু, সাবেক সিনিয়র সহসভাপতি মিজানুর রহমান লাকী, সহসভাপতি নুরুন্নবী বাবু, ট্রেজারার এম. লিটন-উজ-জামান, দপ্তর সম্পাদক মোকাদ্দেস হোসেন সেলিম, নির্বাহী সদস্য নুরুল কাদেরসহ কুষ্টিয়ায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন। বিএনপি নেতৃবৃন্দ কুষ্টিয়াবাসীকে নির্ভয়ে অভিযোগ জানাতে আহ্বান জানিয়ে বলেন, "আমরা সন্ত্রাস ও চাঁদাবাজির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে বিশ্বাস করি।"

## পরিবার পরিকল্পনায় সাফল্যে

ক্রেস্ট তুলে দেন। ইউএনও তার বক্তব্যে বলেন, "পরিবার পরিকল্পনা একটি জাতীয় অগ্রাধিকার বিষয়। বুড়িপোতা ইউনিয়নের সক্রিয় ও ফলপ্রসূ কাজ অন্যান্য ইউনিয়নের জন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।" এই অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আনজুমান, সদর থানার অফিসার ইনচার্জ মেজবাহ উদ্দিন, বুড়িপোতা ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা সানোয়ার হোসেনসহ স্থানীয় বিভিন্ন বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তারা ইউনিয়নের অবদানের প্রশংসা করেন এবং ভবিষ্যতেও এই ধরনের কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান। বুড়িপোতা ইউনিয়নের পরিবার পরিকল্পনা কার্যক্রমের আওতায় গৃহীত বিভিন্ন উদ্যোগের মধ্যে রয়েছে সচেতনতা মূলক ক্যাম্পেইন, স্বাস্থ্য পরীক্ষা ও পরামর্শ প্রদান, এবং পরিবার পরিকল্পনার আধুনিক পদ্ধতির প্রসার। এর ফলে জনসংখ্যা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য উন্নতি এসেছে এবং মাতৃ-শিশু স্বাস্থ্য সূচকেও ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা গেছে। স্থানীয় বাসিন্দারা জানান, ইউনিয়নের সচেতন কর্মীরা নিয়মিত গ্রাম পর্যায়ে গিয়ে পরিবার পরিকল্পনার গুরুত্ব বোঝাচ্ছেন, যা এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক হয়েছে।

## মেহেরপুরে সকল থানায় অনলাইন

এ উপলক্ষে জেলা পুলিশ কার্যালয়ে এক ক্ষুদ্র পরিসরের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেহেরপুরের পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানান, এখন থেকে জেলার আওতাধীন সদর, গাংনী ও মুজিবনগর থানাসহ সব থানায় অনলাইনে সাধারণ ডায়েরি করা যাবে। তিনি বলেন, "নাগরিকদের সময় ও হয়রানি কমাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। কোনো অভিযোগ বা তথ্য জিডি আকারে সংরক্ষণের জন্য থানায় যেতে হবে না। ঘরে বসেই অনলাইনে আবেদন করা যাবে।" অনলাইন জিডি করতে আগ্রহী ব্যক্তিকে প্রথমে নির্ধারিত ওয়েবসাইটে (মফ.ঢ়ড়যরপব.মড়া.নফ) গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এরপর প্রয়োজনীয় তথ্য দিয়ে যে কোনো বিষয়ে জিডি দাখিল করা যাবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, তদন্ত ওসি আমিনুল ইসলাম এবং অপারেশন ওসি জাহাঙ্গীর সেলিমসহ পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা।

## মেহেরপুরে হেরোইন মামলায়

আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়।

মামলার নথিপত্র ও আদালত সূত্রে জানা যায়, ২০২০ সালের ১৪ মার্চ সকালে গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক শাহ জালাল খানের নেতৃত্বে একটি বিশেষ রেইডিং টিম অভিযান চালায় মেহেরপুর সদর থানার স্টেডিয়াম পাড়ায়।

অভিযানকালে শেখ মো. রিপন চৌধুরীর মালিকানাধীন দুইতলা ভবনের ওপরতলার একটি কক্ষে তল্লাশি চালিয়ে শোকেসের নিচের ড্রয়ারে রাখা কাগজের তৈরি ছোট একটি বক্স থেকে সাদা কাগজে মোড়ানো ১ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। উপস্থিত স্থানীয় সাক্ষীদের সামনে রিপন চৌধুরীকে হাতেনাতে গ্রেফতার করা হয়। আদালতে মামলার সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন ও জেরা শেষে বিচারক রিপনের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে বলে রায় প্রদান করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, এ রায় ভবিষ্যতে মাদকের বিরুদ্ধে চলমান অভিযানে সাহস জোগাবে এবং অন্যদের জন্য সতর্কবার্তা হিসেবে কাজ করবে।

## ফয়েজের গ্রেপ্তার দাবিতে মানববন্ধন

খামারের শতাধিক শ্রমিক-কর্মচারী। সোমবার (২১ জুলাই) দুপুরে খামার অফিসের সামনে 'শ্রমিক কল্যাণ সমিতি'র ব্যানারে এই কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন শ্রমিক কল্যাণ সমিতির সভাপতি আব্দুস সাত্তার। বক্তব্য দেন শ্রমিক নেতা মহিউদ্দীন, সাবেক সভাপতি ওমর আলী, সদস্য নাজিম উদ্দীন, শফিকুল ইসলাম কাদা ও লিটিল হোসেন। বক্তারা অভিযোগ করেন, সাংবাদিক পরিচয়ে এসএম ফয়েজ দীর্ঘদিন ধরে খামারের শ্রমিক ও কর্মকর্তাদের হুমকি দিয়ে অর্থ আদায়ের চেষ্টা করে আসছেন। তার প্রকাশিত মিথ্যা সংবাদের কারণে অনেকে চাকরি হারানোর আতঙ্কে আছেন। শ্রমিক নাজিম উদ্দীন বলেন, "ফয়েজ কয়েক লাখ টাকা চাঁদা দাবি করে। কিছু টাকা দিতে বাধ্য হই, বাকি টাকা না দেওয়ায় আমার বিরুদ্ধে সংবাদ ছাপে।" শ্রমিক শফিকুল ইসলাম কাদা বলেন, "সে শুধু ভয় দেখিয়েই থেমে থাকেনি, আমাদের পরিবারের মানসম্মান পর্যন্ত হুমকির মুখে ফেলে দিয়েছে।" সাবেক সভাপতি ওমর আলীর ভাষায়, "সাংবাদিকতা একটি মহান পেশা। কিন্তু কেউ যদি এই পরিচয়ে চাঁদাবাজি করে, সেটি অপরাধ। প্রশাসনকে দ্রুত ব্যবস্থা নিতে হবে।" মানববন্ধনে আরও দাবি করা হয়, ফয়েজের মিথ্যা রিপোর্টের কারণে অন্তত অর্ধশত জন শ্রমিক চাকরি হারানোর শঙ্কায় রয়েছেন। তাদের মধ্যে রয়েছেন মোহাম্মদ আলী, বকুল কাদা, জব্বারসহ আরও অনেকে। শ্রমিক নেতা মহিউদ্দীন বলেন, "যারা সাংবাদিকতার মতো পবিত্র পেশাকে কলঙ্কিত করে, তাদের বিচার হতেই হবে।" সভাপতি আব্দুস সাত্তার বলেন, "আমরা দিনমজুর মানুষ। কেউ এসে সাংবাদিকতার নাম করে ভয় দেখিয়ে টাকা আদায় করবে, তা কখনো মেনে নেওয়া যায় না।" মানববন্ধনে 'ফয়েজের বিচার চাই', 'চাঁদাবাজ সাংবাদিকের গ্রেপ্তার চাই', 'খামারের শান্তি ফিরিয়ে দাও' এমন স্লোগান দেন শ্রমিকেরা।

## বিলুপ্তির পথে গ্রামীণ খেলাধুলা:

যেতে বসেছে। প্রযুক্তির দখল, স্মার্টফোনের আসক্তি, পড়ালেখার চাপ আর খেলার মাঠের সংকট সব মিলিয়ে গ্রামীণ শিশুরাও আজ শৈশব কাটায় মোবাইল স্ক্রিনে। অথচ এই লোকজ খেলাগুলো কেবল বিনোদন নয়, শিশুদের দৃষ্টিশক্তি, মনোযোগ, স্মৃতিশক্তি, শারীরিক সক্ষমতা আর সামাজিক দক্ষতা গড়ে তোলে। বড়বাজার প্রাথমিক বিদ্যালয়ের সাবেক ক্রীড়া শিক্ষক বলেন, "আগে স্কুলের টিফিনে ছাত্রছাত্রীরা পাঁচগুটি, বৌছি, কিতকিত, ডাংগুলি, পানি ঝুপ্পা খেলায় মেতে থাকত। এখন তারা মোবাইলেই ব্যস্ত থাকে। অনেকে এসব খেলার নামই জানে না।" ক্রীড়াবিদ আমিনুল ইসলাম মনে করেন, "গ্রামীণ খেলাগুলো শুধু খেলা নয়, বাঙালি সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। সরকারিভাবে উদ্যোগ না নিলে এগুলোও একদিন শুধু ইতিহাসের পাতায় ঠাঁই পাবে।" সাংস্কৃতিক কর্মী সামসুজ্জামান বলেন, "আগে পাড়ার ছোট-বড় সবাই মিলে এইসব খেলা খেলতাম। অনেক সময় পরিবারের বড়রাও এসে আমাদের খেলা দেখত। এতে পাড়ায় সখ্যতা গড়ে উঠত। এখন তো এক মহল্লায় অনেকেই পরস্পরকে চেনে না।" বিশেষজ্ঞদের মতে, এসব খেলা শুধু আনন্দ নয়, গ্রামীণ সংস্কৃতির ধারক। গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাগুলোকে ফিরিয়ে আনতে স্কুল পর্যায়ে উৎসব আয়োজন, সরকারি পৃষ্ঠপোষকতা ও গণমাধ্যমে প্রচার প্রয়োজন। আজকের শিশুরা যদি শিকড়ের সঙ্গে সংযোগ হারায়, তবে ভবিষ্যতের সংস্কৃতিও দুর্বল হবে।

## মৃত্যুর মধ্যেও মিলন: ভালোবাসার

আসছিলেন। রবিবার রাত আনুমানিক ২টার দিকে হঠাৎ বুকে ব্যথা অনুভব করলে মুকুল খানকে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়। সেখানে পৌঁছানোর কিছুক্ষণের মধ্যেই তার মৃত্যু হয়। পরিবারের সদস্যদের দাবি, স্বামীর মৃত্যুসংবাদ শুনে স্ত্রী নন্দা বেগম মানসিকভাবে ভেঙে পড়েন এবং প্রায় আধঘণ্টা পর তিনিও হার্ট অ্যাটাকে আক্রান্ত হয়ে মারা যান। পরিবারের সদস্যরা একে 'মানসিক ধাক্কা' বললেও, চিকিৎসকের পক্ষ থেকে বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয়নি। গতকাল সোমবার (১৫ জুলাই) বাদ যোহর মেহেরপুর হোটেল বাজার জামমসজিদে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। জানাজা শেষে মেহেরপুর কলেজ মোড় এলাকায় পৌর কবরস্থানে দম্পতিকে পাশাপাশি দাফন করা হয়। জানাজায় ও দাফনে স্থানীয় জনপ্রতিনিধি, আত্মীয়-স্বজন ও শত শত এলাকাবাসী অংশ নেন। এলাকাবাসীর একজন জানান, "এই দম্পতি সবসময় একসাথে চলাফেরা করতেন। তাদের এমন পরিণতি আমাদের আবেগতাড়িত করেছে।" মুকুল-নন্দা দম্পতির তিন কন্যা সন্তান রয়েছে। পরিবার ও পরিচিতজনদের কাছে তারা একজন শান্তিপূর্ণ ও বন্ধনপূর্ণ বৈবাহিক জীবনের উদাহরণ হিসেবে পরিচিত ছিলেন। স্থানীয়ভাবে এই ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন মহলে আলোচিত হয়েছে।